



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

চিসিরি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইল: berc2003@gmail.com, ফ্যাক্স: ৫৫০১৩৫১৮

ওয়েব সাইট: www.berc.org.bd।

গণ-বিজ্ঞপ্তি

নং- ২৮.০১.০০০০.০১২.০৮.০০৩.১৯.৬৮১১

তারিখ: ২৪ অক্টোবর ২০১৯।

বিষয়: বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) এর বিদ্যুতের পাইকারি (বাস্ক) মূল্যহার, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি) এর বিদ্যুতের সঞ্চালন মূল্যহার এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহের বিদ্যুতের খুচরা মূল্যহার পরিবর্তনের আবেদনের ওপর গণশুনানি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এবং সংশ্লিষ্ট রেগুলেশন অনুযায়ী বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) বিদ্যুতের পাইকারি (বাস্ক) ও খুচরা মূল্যহার; পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি) বিদ্যুতের সঞ্চালন মূল্যহার এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি), ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো), ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো) ও নদীন ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড (নেসকো) বিদ্যুতের খুচরা মূল্যহার পরিবর্তনের জন্য কমিশনে আবেদন দাখিল করেছে। আবেদনসমূহ পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ইতোমধ্যে কমিশন কর্তৃক আনুষ্ঠানিকভাবে গৃহীত হয়েছে। বর্ণিত বিদ্যুৎ সংস্থা/কোম্পানীসমূহের আবেদনের ওপর নিম্নবর্ণিত ছান ও সময়-সূচি অনুষ্ঠানী গণশুনানি অনুষ্ঠিত হবে:

সংস্থা/কোম্পানী	গণশুনানির বিষয়	গণশুনানির তারিখ ও সময়	গণশুনানির ছান
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো)	পাইকারি মূল্যহার পরিবর্তন	২৮ নভেম্বর ২০১৯, বৃহস্পতিবার সকাল ১০:০০ টা - দুপুর ১:০০ টা	ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (চিসিরি) অডিটোরিয়াম [চিসিরি ভবন (২য় তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫]
পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি)	সঞ্চালন মূল্যহার পরিবর্তন	২৮ নভেম্বর ২০১৯, বৃহস্পতিবার দুপুর ০২:০০ টা - বিকাল ৫:০০ টা	
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো)	খুচরা মূল্যহার পরিবর্তন	০১ ডিসেম্বর ২০১৯, রবিবার সকাল ১০:০০ টা - দুপুর ১:০০ টা	
নদীন ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড (নেসকো)	ঐ	০১ ডিসেম্বর ২০১৯, রবিবার দুপুর ০২:০০ টা - বিকাল ৫:০০ টা	
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি)	ঐ	০২ ডিসেম্বর ২০১৯, সোমবার সকাল ১০:০০ টা - দুপুর ১:০০ টা	
ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো)	ঐ	০২ ডিসেম্বর ২০১৯, সোমবার দুপুর ০২:০০ টা - বিকাল ৫:০০ টা	
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)	ঐ	০৩ ডিসেম্বর ২০১৯, মঙ্গলবার সকাল ১০:০০ টা - দুপুর ১:০০ টা	
ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো)	ঐ	০৩ ডিসেম্বর ২০১৯, মঙ্গলবার দুপুর ০২:০০ টা - বিকাল ৫:০০ টা	

অত্যন্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা-কে ১৯ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে শুনানি-পূর্ব লিখিত বক্তব্য/মতামত কমিশনে প্রেরণসহ উল্লিখিত তারিখসমূহে অনুষ্ঠান গণশুনানিতে অংশগ্রহণের নিমিত্ত কমিশনে নাম তালিকাভুক্তির জন্য অনুরোধ করা হলো।

তালিকাভুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা উল্লিখিত তারিখের আবেদনের অনুষ্ঠান গণশুনানিতে অংশগ্রহণপূর্বক বিদ্যুতের পাইকারি, সঞ্চালন এবং খুচরা মূল্যহার পরিবর্তনের আবেদনের বিষয়ে বিশেষণধর্মী যুক্তি/মতামত উপস্থাপন করতে পারবেন।

বিদ্যুতের পাইকারি, সঞ্চালন এবং খুচরা মূল্যহার পরিবর্তনের আবেদনের অনুলিপি অফিস চলাকালীন সময়ে কমিশন কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। এছাড়াও কমিশনের ওয়েব সাইট www.berc.org.bd থেকে ডাউনলোড করা যাবে।

কমিশনের নির্দেশক্রমে,

~ 28.10.19
মো: রফিকুল ইসলাম
সচিব